

এইচএসসি পরীক্ষা স্থগিত গোপালগঞ্জে, নির্ধারিত সময়ে হবে অন্য জেলায়

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২১:৪৪, ১৬ জুলাই ২০২৫



×

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গোপালগঞ্জ জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতির প্রেক্ষিতে ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার ভূগোল (তত্ত্বীয়) দ্বিতীয় পত্র (পত্র কোড-১২৬) পরীক্ষা স্থগিত করা হয়েছে।

বুধবার (১৬ জুলাই) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির স্বাক্ষরিত এক জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, পরীক্ষার্থীদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় এনে বৃহস্পতিবার (১৭ জুলাই) সকাল ১০টায় অনুষ্ঠিতব্য ভূগোল দ্বিতীয় পত্র পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন অন্যান্য জেলা ও দেশের সব সাধারণ শিক্ষা বোর্ডে নির্ধারিত সময় অনুযায়ী পরীক্ষাগুলো যথারীতি অনুষ্ঠিত হবে।

গোপালগঞ্জ জেলার স্থগিতকৃত এই পরীক্ষার নতুন তারিখ ও সময়সূচি পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। পরীক্ষার্থীদের পরীক্ষা সংক্রান্ত নতুন তথ্যের জন্য ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে নজর রাখার পরামর্শ দেওয়া হয়েছে।
